

## ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়ার অভিযোগ প্রতিকারের পদ্ধতি

ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়া তার স্থান-ভিত্তিক সংরক্ষণ মূলক কার্যকলাপের কারণে প্রভাবিত/ ক্ষতিগ্রস্ত হতে পারে এমন সম্প্রদায়(গুলি)র<sup>1</sup> / গোষ্ঠী দ্বারা জানানো অভিযোগ গ্রহণ করা এবং তাদের উত্তর দেওয়ার জন্য একটি পদ্ধতি চালু করেছে। এটি চালু করার উদ্দেশ্য হোলো ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়ার কাজকর্মগুলিকে সুর্খ ভাবে সম্পূর্ণ করা। এই প্রক্রিয়াটি ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়ার সংস্থাগত সততা, স্বচ্ছতা এবং নেতৃত্ব দায়বদ্ধতার অপরিহার্য অংশ। একটি অভিযোগের সমাধান কথোপকথন, সহযোগিতা, এবং পারস্পরিক সম্মতির মাধ্যমে পাওয়া যায়। সময়মত এবং কার্যকর ভাবে ক্ষেত্র/ অভিযোগ নিয়ে আলোচনা পারস্পরিক দ্বিমত সমাধানে ও বোঝাপড়া উন্নত করতে সাহায্য করে।

### কে অভিযোগ করতে পারেন এবং কে প্রভাবিত / ক্ষতিগ্রস্ত পক্ষ?

এমন কোনো স্থানীয় সম্প্রদায় / গোষ্ঠী (অস্তত দুই বা তার অধিক মানুষ) বা সামাজিক প্রতিষ্ঠান যারা মনে করেন যে, ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়ার কোনো স্থান-ভিত্তিক কার্যকলাপের পরিকল্পনা বা বাস্তবায়নের ফলে তারা নেতৃত্বাচকভাবে প্রভাবিত হয়েছেন বা হতে পারেন, তাদেরকেই "প্রভাবিত / ক্ষতিগ্রস্ত পক্ষ" বলে বিবেচনা করা হয়।

যেকোনো প্রভাবিত / ক্ষতিগ্রস্ত পক্ষ অথবা তাদের পক্ষে কথা বলার জন্য যেকোনো ব্যক্তি বা সংস্থা (প্রতিনিধি) ক্ষেত্র/ অভিযোগ দায়ের করতে পারেন। তবে প্রতিনিধিকে অবশ্যই তাদের প্রতিনিধিত্ব করার নিরিখে উপযুক্ত প্রমাণ দিতে হবে।

প্রতিনিধির উদাহরণগুলি হোলো: গ্রাম পঞ্চায়েত প্রধান; মোড়ল; কোনো বেসরকারি সংস্থা এবং অন্যান্য ব্যক্তি যদি উপযুক্ত প্রমাণ দেখাতে পারে যে তারা প্রভাবিত / ক্ষতিগ্রস্ত পক্ষের অনুরোধে কাজ করছে।

উপযুক্ত প্রমানের উদাহরণগুলি হোলো: কোনো গ্রাম সভার আলোচনার লিখিত সম্মতি; অস্তত ১০ জন গ্রাম সদস্যের যুগ্ম-স্বাক্ষরিত স্থানীয় গ্রাম পঞ্চায়েতের থেকে প্রাপ্ত একটি চিঠি।

কোনো অজ্ঞাতনামা ব্যক্তির থেকে অভিযোগ নেওয়া হবে না, যদিও অভিযোগকারী তার নাম গোপন রাখার জন্য অনুরোধ করতে পারবেন।

### ক্ষেত্র / অভিযোগে নিম্নলিখিত তথ্য থাকতে হবে:

- অভিযোগকারীর নাম এবং যোগাযোগ করার তথ্য (অভিযোগকারী সরাসরি দায়ের না করলে, প্রতিনিধিত্ব করছেন যারা তাদের অভিযোগ করার নিরিখে উপযুক্ত প্রমাণ)
- যে প্রকল্প বা কর্মসূচির বিরুদ্ধে ক্ষেত্র/ অভিযোগ তার বিবরণ
- যে জায়গায় এই প্রকল্প বা কর্মসূচি হচ্ছে তার বিবরণ
- নির্দিষ্ট ক্ষেত্র/ অভিযোগের বিস্তারিত বিবরণ এবং ঘটনা ঘটার তারিখ
- ক্ষতির বিবরণ
- অন্য কোনো প্রাসঙ্গিক তথ্য বা কাগজপত্র
- অভিযোগকারীর দ্বারা ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়া অথবা তাদের সহযোগী সংস্থার কাছে অভিযোগ দায়ের করার / সমস্যা সমাধানের কোনো প্রচেষ্টা করা হলে তার উল্লেখ
- গোপনীয়তার অনুরোধ করা হয়েছে কিনা (কারণ জানাতে হবে)।

ক্ষেত্র/অভিযোগ বাংলা, হিন্দী, ইংরেজি, বা যেকোনো স্থানীয় ভাষায় দায়ের করা যেতে পারে।

### কোন কোন ক্ষেত্রে নালিশ/ অভিযোগ দায়ের করা যায় ?

স্থানীয় সম্প্রদায় / গোষ্ঠী (গুলি) যদি মনে করেন যে তারা ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়া যেখানে কাজ করে সেখানে একটি নির্দিষ্ট কাজের দ্বারা নেতৃত্বাচক ভাবে প্রভাবিত হয়েছেন। এছাড়াও, যেকোনো ব্যক্তির তরফ থেকে ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়া এবং তার কাজের জন্য নিয়ে আসা পরামর্শ এবং উদ্বেগ/ সমস্যাগুলিকে "অভিযোগ" হিসাবে বিবেচনা করা হয়।

### অভিযোগ প্রাপ্তির পদ্ধতি

ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়াকে ক্ষেত্র/ অভিযোগ পাঠানো যেতে পারে ইমেইল মারফত: [grievances@wwfindia.net](mailto:grievances@wwfindia.net) অথবা ডাকঘরে এই ঠিকানায় Grievance Redressal, C/O Human Resource, WWF India, 172 B Lodi Road New Delhi 110003

<sup>1</sup> স্থানীয় সম্প্রদায় / গোষ্ঠী (গুলি) বলতে ডব্লু ডব্লু এফ - ইন্ডিয়া যে স্থানে কাজ করে সেই স্থানে অবস্থিত উপজাতি বা অন্যান্য স্থানীয় সম্প্রদায় / গোষ্ঠী এর যেকোনো সদস্যদের বোঝায়।